

“ছেলে হোক মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মির্জাপুর, টাঙ্গাইল।
fpo.mirzapur.tangail.gov.bd



জরুরি
সীমিত
তারিখ: ২৭ আশ্বিন ১৪২৭
১২ অক্টোবর ২০২০

নম্বর ৫৯.১১.৯৩৬৬.০০০.৩৬.০০১.২০.৯৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: জন্ম নিবন্ধন বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

জন্ম নিবন্ধন বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। টাঙ্গাইল জেলায় তথা মির্জাপুরে শতভাগ জন্ম নিবন্ধনের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রম আরো জোরদার করণের লক্ষ্যে মির্জাপুর উপজেলার সকল এফপিআইকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে জন্ম নিবন্ধন ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট এফডব্লিউএগণকে সরবরাহ করতে অনুরোধ করা হলো। এফডব্লিউএগণ মাঠ পরিদর্শন/ কর্তব্য সম্পাদনকালে নিজ নিজ এলাকায় জন্ম নেয়া শিশুর তথ্য সংগ্রহকরে সরবরাহকৃত ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট এফপিআই এর নিকট জমা প্রদান করবেন। পূরনকৃত ফরমসমূহ এফপিআইগণ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে জমা প্রদান করবেন। অতপর প্রস্তুতকৃত জন্ম নিবন্ধন সার্টিফিকেট একই প্রক্রিয়ায় সংশ্লিষ্ট ব্যক্তির নিকট পৌঁছানোর যথাযথ ব্যবস্থা নিতে হবে। উক্ত প্রক্রিয়ায় কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কাম্য।

১২-১০-২০২০

মোঃ শহীদুল ইসলাম

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইল।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মির্জাপুর, টাঙ্গাইল।
- ৩) উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।
- ৪) পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।
- ৫) পরিবার কল্যাণ পরিদর্শিকা (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।
- ৬) পরিবার কল্যাণ সহকারি (সকল), মির্জাপুর, টাঙ্গাইল।